স্বাধীনতা সার্বভৌমত্বের প্রশ্নের কোন আপস নয়: জামায়াত আমির শফিকুর রহমান।

খাইরুল ইসলাম, নেত্রকোণা:: স্বাধীনতা নেত্রকোনা সার্কিট হাউজে সম্মেলন কক্ষে বিরোধী দলের নেতা শফিকুর রহমান। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি এ কথা বলেন এ সময় উপস্থিত ছিলেন নেত্রকোনা ৫ (পূর্বধলা) আসনের সংসদ সদস্য মাসুম মোস্তফা সহ জেলার জামায়ত ইসলামীর নেতারা উপস্থিত ছিলেন। এই দেশ আপনার আমার আমাদের সবার, তাই দেশ রক্ষার দায়িত্ব আমাদের সবার। এ সময় সীমান্ত পরিস্থিতি নেত্রকোনার উন্নয়ন সম্ভাবনা ও সমসাময়িক বিভিন্ন ইস্যুর প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন তিনি। মাদকবিরোধী অবস্থান তুলে ধরে জামায়াত আমির। নিয়ন্ত্রণ নয় সমাজ থেকে মাদক সম্পন্ন নির্মূলের দাবি জানায় জামায়াত আমির। তার মতে মাদক নিয়ন্ত্রণ মানে কিছুটা দমন করে রাখা,আমরা সেটি চাই না আমরা চাই মাদকের শিকড় উপড়ে ফেলতে মাদককে প্রশ্রয় দিয়ে সমাজকে ধ্বংস করা হচ্ছে। শফিকুর রহমান বলেন সরকারের জন কল্যাণমূলক কোন উদ্যোগ নিলে বিরোধী দল তার সমর্থক দেবে। আবার সরকারের ভুল ত্রুটি গঠনমূলক ভাবে তুলে ধরবে। জামায়াতের আমির বলেন আমরা অন্ধের মত বিরোধীতা করবো না, কিন্তু জনগণের স্বার্থে প্রয়োজন হলে বিরোধী দল বাঘের মত গর্জে উঠবে। জামায়াত ইসলামের আমির শফিকুর রহমান বলেন স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নের কোনো ধরনের আফসোসের সুযোগ নেই। দেশের এক ইঞ্চি ভূখন্ড তো দূরের কথা একটি বালুর কণার ওপর কাউকে পা রাখতে দেওয়া হবে না। প্রয়োজনে সীমান্ত রক্ষা বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) পাশাপাশি দেশের মানুষ ও দেশ প্রেমিক (ঈমানী শক্তি নিয়ে) দায়িত্ব পালন করবে।